

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার নং-১৮

অগ্রহায়ণ ১৫, ১৪১৯
তারিখ : -----
নভেম্বর ২৯, ২০১২

প্রধান নির্বাহী
বাংলাদেশে নিবন্ধিত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত নীতিমালা।

বাংলাদেশে ব্যাংক ব্যবসার প্রসার, ব্যাংকিং-সুবিধা-বর্ধিত জনগণের নিকট ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া ও অধিকতর আর্থিক সেবাভুক্তির লক্ষ্যে বাংলাদেশে নিবন্ধিত তফসিলি ব্যাংকসমূহের শাখা/বুথ স্থাপন ও স্থানান্তর এবং সাক্ষ্য ব্যাংকিং এর বিদ্যমান নীতিমালা প্রতিস্থাপনপূর্বক নিম্নরূপ নীতিমালা জারি করা হলো :

১. নতুন শাখা স্থাপন :

(ক) আবেদন প্রক্রিয়া :

ব্যাংকসমূহের পরবর্তী বছরের নতুন শাখা খোলা সংক্রান্ত বার্ষিক পরিকল্পনা পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপি সহ নভেম্বর মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। ব্যাংকের সার্বিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক বাংলাদেশ ব্যাংক নির্ধারিত সংখ্যক শাখা খোলার নীতিগত অনুমতি প্রদান করবে।

(খ) শাখার অনুমতিপত্র :

নীতিগত অনুমোদন প্রাপ্ত শাখা স্থাপনের উদ্দেশ্য ও ব্যবসায়িক সম্ভাবনা উল্লেখপূর্বক পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপি সহ নির্দিষ্ট ছক (সংযোজনী 'ক') অনুযায়ী নতুন শাখার অনুমতিপত্রের জন্য সংশ্লিষ্ট বছরের নভেম্বর মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট আবেদন করতে হবে। অনুমতি প্রাপ্ত শাখা চলতি বছরের ডিসেম্বর মাসের মধ্যে খুলতে ব্যর্থ হলে উক্ত অনুমতিপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) শহর ও পল্লী শাখা :

- (১) পল্লী শাখার সংখ্যা হবে নীতিগত অনুমোদন প্রাপ্ত মোট শাখার অনূন ৫০%;
- (২) বাৎসরিক ভিত্তিতে প্রতিটি শহরে একটির অধিক শাখা স্থাপন করা যাবে না;
- (৩) সকল মেট্রোপলিটন এলাকা/সিটি কর্পোরেশন/পৌরসভায় স্থাপিত শাখা “শহর শাখা” এবং এর বাইরে স্থাপিত শাখা “পল্লী শাখা” হিসেবে গণ্য হবে; তবে পল্লী শাখাগুলোর সর্বোচ্চ এক-চতুর্থাংশ শাখা ‘গ’ শ্রেণীভুক্ত পৌরসভা এলাকায় স্থাপন করা যাবে এবং এ শাখাগুলো “পল্লী শাখা” হিসেবে গণ্য হবে।

(ঘ) এসএমই/কৃষি শাখা :

নীতিগত অনুমোদন প্রাপ্ত শাখাগুলোর মধ্য হতে প্রয়োজনে বিভাগীয় শহরের বাইরে স্থাপিতব্য যে কোন শাখাকে এসএমই/কৃষি শাখা হিসেবে খোলার জন্য নির্দিষ্ট ছক (সংযোজনী 'ক') অনুযায়ী আবেদন করা যাবে, তবে শহর এলাকায় হলে তা শহর শাখা হতে এবং পল্লী এলাকায় হলে তা পল্লী শাখা হতে সমন্বিত হবে। এসএমই/কৃষি শাখা বিভাগীয় শহরের বাইরে স্থাপিত হবে এবং ব্যাংকিং-সুবিধা-বর্ধিত এলাকায় অগ্রাধিকার দেয়া হবে। এসএমই/কৃষি শাখায় বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যতীত অন্যান্য ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে। উক্ত শাখার মাধ্যমে আহরিত তহবিলের অনূন ৫০% ঐ শাখায় এসএমই/কৃষি খাতে বিনিয়োগ করতে হবে। উল্লেখ্য, এসএমই/কৃষি শাখায় সৌর বিদ্যুৎ ব্যবস্থা (Solar Energy System) স্থাপন করতে হবে।

২. শাখা স্থানান্তর :

শাখা স্থানান্তরের প্রয়োজন হলে ব্যাংকসমূহকে নির্দিষ্ট ছকে (সংযোজনী 'খ') পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপিসহ বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। স্থানান্তরের জন্য অনুমোদিত শাখাটি অনুমোদনের তারিখ হতে ৬ (ছয়) মাসের মধ্যে স্থানান্তর করতে হবে, অন্যথায় অনুমোদন বাতিল বলে গণ্য হবে। স্থানান্তরের ৭ (সাত) দিনের মধ্যে শাখার অনুমতিপত্র সংশোধনের নিমিত্তে বাংলাদেশ ব্যাংকে আবেদন করতে হবে। উল্লেখ্য, কোন শাখা ক্রমাগত লোকসানবাহী হলে তা বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন সাপেক্ষে নিকটবর্তী শাখার সাথে একীভূত/বন্ধ করা যাবে।

৩. শাখা বন্ধকরণ :

কোন ব্যাংক শাখা বন্ধকরণের প্রয়োজনীয়তা দেখা দিলে সুনির্দিষ্ট কারণ প্রদর্শনপূর্বক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

৪. বুথ স্থাপন :

(ক) কালেকশন বুথ :

কালেকশন বুথ (শুধুমাত্র ইউটিলিটি বিল সংগ্রহ, সরকারী রাজস্ব আদায় ও শিক্ষার্থীদের টিউশন ফি জমা গ্রহণ) স্থাপনের জন্য নির্দিষ্ট ছকে (সংযোজনী 'গ') পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপিসহ বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। প্রতিটি কালেকশন বুথ একটি পূর্ণাঙ্গ শাখার নিয়ন্ত্রণে পরিচালিত হবে।

(খ) ইলেক্ট্রনিক বুথ :

এটিএম বুথসহ সব ধরনের ইলেক্ট্রনিক বুথ স্থাপনের জন্য নির্দিষ্ট ছকে (সংযোজনী 'গ') পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপিসহ বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। এ জাতীয় বুথে ইলেক্ট্রনিক লেনদেন ব্যতীত অন্য কোন প্রকার ব্যাংকিং লেনদেন সম্পাদিত হবে না।

৫. ব্যবসায় উন্নয়ন কেন্দ্র স্থাপন :

যে কোন ধরনের ব্যবসায় উন্নয়ন কেন্দ্র (বিজনেস ডেভেলপমেন্ট সেন্টার/কস্টমার সার্ভিস সেন্টার/ফিন্যান্সিয়াল কনসাল্ট/কল সেন্টার/ইউনিট অফিস/আঞ্চলিক কার্যালয় ইত্যাদি যে নামেই অভিহিত হোক না কেন) স্থাপনের জন্য নির্দিষ্ট ছক (সংযোজনী 'ঘ') ও পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপিসহ বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। এ জাতীয় স্থাপনায় কোন প্রকার ব্যাংকিং লেনদেন সম্পাদিত হবে না।

৬. সান্ধ্য ব্যাংকিং :

অফিস সময়ের পর ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য নির্দিষ্ট ছক (সংযোজনী 'ঙ') অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। সান্ধ্য ব্যাংকিং সময়সূচী ব্যাংকের অফিস সময় পরবর্তী ২ (দুই) ঘন্টা পর্যন্ত প্রযোজ্য হবে এবং সান্ধ্য ব্যাংকিং সময়ে জমা গ্রহণ ছাড়া অন্য কোন প্রকার ব্যাংকিং লেনদেন সম্পাদিত হবে না।

৭. স্থাপনা ভাড়া :

যে কোন ধরনের স্থাপনা ভাড়া বা ইজারা গ্রহণ ও নবায়নের জন্য পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের কপিসহ নির্দিষ্ট ছক (সংযোজনী 'চ') অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের নিকট পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। যে কোন ধরনের স্থাপনা ভাড়ার জন্য ৩ (তিন) বছরের ভাড়ার অধিক অর্থ অগ্রিম প্রদান করা যাবে না।

৮. স্থাপনার প্রারম্ভিক ব্যয় :

যে কোন ধরনের স্থাপনা (শাখা/বুথ/ব্যবসায় উন্নয়ন কেন্দ্র ইত্যাদি) এর সাজসজ্জায় আড়ম্বরপূর্ণ সরঞ্জাম ও আসবাবপত্র ক্রয়ের ক্ষেত্রে যতদূর সম্ভব উচ্চ ব্যয় পরিহার করতে হবে। আধুনিক তথ্য প্রযুক্তি সরঞ্জাম ব্যতীত অন্যান্য সরঞ্জাম ও আসবাবপত্রের জন্য বিলাসবহুল ও চাকচিক্যের পরিবর্তে মৌলিক প্রয়োজনের প্রেক্ষিতে পর্যাপ্ত গুণগত মানই বিবেচ্য হবে। স্থাপনার প্রারম্ভিক ব্যয় প্রস্তাবিত লোকবল ও শাখার আয়তনের অনুপাত অনুসারে যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,
স্বাঃ/-
(কে. এম. আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১১৭৮২৫

নতুন শাখা খোলা সংক্রান্ত তথ্যাদি ।

১. ব্যাংক-কোম্পানীর নাম :
২. বিদ্যমান শাখার সংখ্যা :
৩. প্রস্তাবিত শাখার নাম (পল্লী/শহর শাখা উল্লেখসহ) :
৪. প্রস্তাবিত শাখার পূর্ণাঙ্গ ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী) :

সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে	ইউনিয়নের ক্ষেত্রে
ভবনের নাম (যদি থাকে)	ভবনের নাম (যদি থাকে)
হোল্ডিং নম্বর	গ্রাম/এলাকা
সড়ক নম্বর (যদি থাকে)	দাগ নম্বর
সড়কের নাম (যদি থাকে)	খতিয়ান নম্বর
ওয়ার্ড নম্বর	মৌজার নাম
সিটি কর্পোরেশন/পৌরসভা	ইউনিয়ন
থানা	থানা
জেলা	জেলা

উল্লেখ্য, শাখার জন্য প্রস্তাবিত তফসিলের স্বপক্ষে স্থানীয় সরকার কর্তৃপক্ষ (সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে কাউন্সিলর এবং ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে চেয়ারম্যান) এর প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

৫. প্রস্তাবিত শাখার আওতাধীন এলাকার বিবরণ :
 - ৫.১ আওতাধীন এলাকার আনুমানিক পরিধি (বর্গকিলোমিটারে)
 - ৫.২ আওতাধীন এলাকার জনসংখ্যা
 - ৫.৩ প্রধান ব্যবসা বাণিজ্য ও অন্যান্য অর্থনৈতিক কর্মকাণ্ডের বিবরণ
 - ৫.৪ আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংক শাখার নাম ও দূরত্ব
 - ৫.৫ শাখা খোলার ১২ মাসের মধ্যে আমানত সংগ্রহ ও ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (কোটি টাকায়)
৬. ৬.১ প্রস্তাবিত শাখার জন্য নির্বাচিত ভবনটি শাখা স্থাপনের উপযুক্ত কি-না :
 - ৬.২ নির্বাচিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের কোন পরিচালকের সংশ্লিষ্টতা আছে কিনা, থাকলে বিস্তারিত বিবরণ :
৭. প্রস্তাবিত শাখার জন্য ভবন ভাড়ার বিবরণ :
 - ৭.১ ফ্লোর স্পেসের আয়তন
 - ৭.২ প্রতি বর্গফুটের মাসিক ভাড়া
 - ৭.৩ অন্যান্য চার্জ
 - ৭.৪ অগ্রিমের পরিমাণ
 - ৭.৫ ভাড়া বৃদ্ধির হার
 - ৭.৬ ভাড়ার মেয়াদ
৮. প্রস্তাবিত শাখার সম্ভাব্য লোকবল :
৯. প্রস্তাবিত শাখা খোলার ব্যয় :

(ব্যয় সংক্রান্ত বিস্তারিত খাতওয়ারী বিভাজন নিম্নোক্ত ছক অনুযায়ী আলাদাভাবে সংযোজন করতে হবে)

ক্রমিক নং	খরচের খাত/বিবরণ	খরচের পরিমাণ (টাকায়)	মন্তব্য
-----------	-----------------	-----------------------	---------

১০. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ :

(সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসি টিভি ইত্যাদি)

শাখা স্থানান্তর সংক্রান্ত তথ্যাদি ।

১. ব্যাংক-কোম্পানীর নাম :
২. শাখার অনুমতিপত্র নম্বর ও তারিখ :
৩. শাখার নাম ও ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী) : **বর্তমান** **প্রস্তাবিত**

সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে	ইউনিয়নের ক্ষেত্রে
ভবনের নাম (যদি থাকে) হোল্ডিং নম্বর সড়ক নম্বর (যদি থাকে) সড়কের নাম (যদি থাকে) ওয়ার্ড নম্বর সিটি কর্পোরেশন/পৌরসভা থানা জেলা	ভবনের নাম (যদি থাকে) গ্রাম/এলাকা দাগ নম্বর খতিয়ান নম্বর মৌজার নাম ইউনিয়ন থানা জেলা

উল্লেখ্য, শাখার জন্য প্রস্তাবিত তফসিলের স্বপক্ষে স্থানীয় সরকার কর্তৃপক্ষ (সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে কাউন্সিলর এবং ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে চেয়ারম্যান) এর প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে ।

৪. বর্তমান ভবন হতে প্রস্তাবিত ভবনের দূরত্ব :
৫. ৫.১ প্রস্তাবিত ভবনটি শাখা স্থাপনের উপযুক্ত কি-না :
৫.২ প্রস্তাবিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের কোন পরিচালকের সংশ্লিষ্টতা আছে কিনা, থাকলে বিস্তারিত বিবরণ :
৬. শাখা স্থানান্তরের জন্য প্রস্তাবিত ভবন ভাড়ার বিবরণ : **বর্তমান** **প্রস্তাবিত**

- ৬.১ ফ্লোর স্পেসের আয়তন
৬.২ প্রতি বর্গফুটের মাসিক ভাড়া
৬.৩ অন্যান্য চার্জ
৬.৪ অগ্রিমের পরিমাণ
৬.৫ ভাড়া বৃদ্ধির হার
৬.৬ ভাড়ার মেয়াদ

৭. শাখার লোকবল :
৮. শাখা স্থানান্তরের ব্যয় :
(ব্যয় সংক্রান্ত বিস্তারিত খাতওয়ারী বিভাজন নিম্নোক্ত ছক অনুযায়ী আলাদাভাবে সংযোজন করতে হবে)

ক্রমিক নং	খরচের খাত/বিবরণ	খরচের পরিমাণ (টাকায়)	মন্তব্য
-----------	-----------------	-----------------------	---------

৯. শাখা স্থানান্তরের কারণ :
১০. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ :
(সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসি টিভি ইত্যাদি)

বুথ স্থাপন সংক্রান্ত তথ্যাদি ।

১. ব্যাংক-কোম্পানীর নাম :
২. বিদ্যমান বুথের সংখ্যা :
৩. প্রস্তাবিত বুথের ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী) :

সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে	ইউনিয়নের ক্ষেত্রে
ভবনের নাম (যদি থাকে) হোল্ডিং নম্বর সড়ক নম্বর (যদি থাকে) সড়কের নাম (যদি থাকে) ওয়ার্ড নম্বর সিটি কর্পোরেশন/পৌরসভা থানা জেলা	ভবনের নাম (যদি থাকে) গ্রাম/এলাকা দাগ নম্বর খতিয়ান নম্বর মৌজার নাম ইউনিয়ন থানা জেলা

৪. প্রস্তাবিত বুথের আওতাধীন এলাকার বিবরণ :
 - ৪.১ আওতাধীন এলাকার আনুমানিক পরিধি (বর্গকিলোমিটারে)
 - ৪.২ আওতাধীন এলাকায় স্থাপিত অন্যান্য ব্যাংকের একই ধরনের বুথের নাম ও দূরত্ব
৫. নিয়ন্ত্রণকারী শাখা/অফিসের নাম ও দূরত্ব :
৬. ৬.১ প্রস্তাবিত বুথের জন্য নির্বাচিত ভবনটি বুথ স্থাপনের উপযুক্ত কি-না :
৬.২ নির্বাচিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের কোন পরিচালকের সংশ্লিষ্টতা আছে কিনা, থাকলে বিস্তারিত বিবরণ :
৭. প্রস্তাবিত বুথের জন্য ভবন ভাড়ার বিবরণ :
 - ৭.১ ফ্লোর স্পেসের আয়তন
 - ৭.২ প্রতি বর্গফুটের মাসিক ভাড়া
 - ৭.৩ অন্যান্য চার্জ
 - ৭.৪ অগ্রিমের পরিমাণ
 - ৭.৫ ভাড়া বৃদ্ধির হার
 - ৭.৬ ভাড়ার মেয়াদ
৮. প্রস্তাবিত বুথের সম্ভাব্য লোকবল :
৯. প্রস্তাবিত বুথ খোলার ব্যয় :
(ব্যয় সংক্রান্ত বিস্তারিত খাতওয়ারী বিভাজন নিম্নোক্ত ছক অনুযায়ী আলাদাভাবে সংযোজন করতে হবে)

ক্রমিক নং	খরচের খাত/বিবরণ	খরচের পরিমাণ (টাকায়)	মন্তব্য
-----------	-----------------	-----------------------	---------

১০. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ :
(সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসি টিভি ইত্যাদি)

ব্যবসায় উন্নয়ন কেন্দ্র স্থাপন সংক্রান্ত তথ্যাদি ।

১. ব্যাংক-কোম্পানীর নাম :
২. বিদ্যমান ব্যবসায় উন্নয়ন কেন্দ্রের সংখ্যা :
৩. প্রস্তাবিত ব্যবসায় উন্নয়ন কেন্দ্রের ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী) :

সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে	ইউনিয়নের ক্ষেত্রে
ভবনের নাম (যদি থাকে) হোল্ডিং নম্বর সড়ক নম্বর (যদি থাকে) সড়কের নাম (যদি থাকে) ওয়ার্ড নম্বর সিটি কর্পোরেশন/পৌরসভা থানা জেলা	ভবনের নাম (যদি থাকে) গ্রাম/এলাকা দাগ নম্বর খতিয়ান নম্বর মৌজার নাম ইউনিয়ন থানা জেলা

৪. ব্যবসায় উন্নয়ন কেন্দ্র স্থাপনের উদ্দেশ্য :
৫. নিয়ন্ত্রণকারী শাখা/অফিসের নাম ও দূরত্ব :
৬. নির্বাচিত ভবনের মালিকানার সাথে ব্যাংকের কোন পরিচালকের সংশ্লিষ্টতা আছে কিনা, থাকলে বিস্তারিত বিবরণ :
৭. প্রস্তাবিত ব্যবসায় উন্নয়ন কেন্দ্রের জন্য ভবন ভাড়ার বিবরণ :
 - ৭.১ ফ্লোর স্পেসের আয়তন
 - ৭.২ প্রতি বর্গফুটের মাসিক ভাড়া
 - ৭.৩ অন্যান্য চার্জ
 - ৭.৪ অগ্রিমের পরিমাণ
 - ৭.৫ ভাড়া বৃদ্ধির হার
 - ৭.৬ ভাড়ার মেয়াদ
৮. প্রস্তাবিত ব্যবসায় উন্নয়ন কেন্দ্রের সম্ভাব্য লোকবল :
৯. প্রস্তাবিত ব্যবসায় উন্নয়ন কেন্দ্র খোলার ব্যয় :
(ব্যয় সংক্রান্ত বিস্তারিত খাতওয়ারী বিভাজন নিম্নোক্ত ছক অনুযায়ী আলাদাভাবে সংযোজন করতে হবে)

ক্রমিক নং	খরচের খাত/বিবরণ	খরচের পরিমাণ (টাকায়)	মন্তব্য
-----------	-----------------	-----------------------	---------

১০. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ :

(বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, সীলমোহর)

শাখায় সাক্ষ্য ব্যাংকিং চালুকরণ সংক্রান্ত তথ্যাদি ।

১. ব্যাংক-কোম্পানীর নাম :
২. শাখার নাম, অনুমতিপত্র নম্বর ও তারিখ :
৩. প্রতিদিন সাক্ষ্য ব্যাংকিং সময়ে সম্ভাব্য জমাদানকারীর সংখ্যা ও মোট জমার পরিমাণ :
৪. শাখার ভল্ট লিমিট ও বীমা আচ্ছাদনের পরিমাণ :
৫. সাক্ষ্য ব্যাংকিং এর জন্য সম্ভাব্য ভল্ট লিমিট ও বীমা আচ্ছাদনের পরিমাণ :
৬. এলাকার ব্যবসায়িক গুরুত্ব :
৭. সাক্ষ্য ব্যাংকিং এর প্রয়োজনীয়তা :
৮. এলাকার যে সকল ব্যাংক শাখায় সাক্ষ্য ব্যাংকিং চালু আছে সে সকল শাখার নাম ও দূরত্ব :
৯. সাক্ষ্য ব্যাংকিং এর জন্য প্রতি মাসে সম্ভাব্য অতিরিক্ত খরচের পরিমাণ :
১০. নিরাপত্তা বিষয়ক গৃহীতব্য ব্যবস্থার বিবরণ :
(সিকিউরিটি গার্ড/আর্মড গার্ড, সিসি টিভি ইত্যাদি)

(বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, সীলমোহর)

ভবন ভাড়া সংক্রান্ত তথ্যাদি ।

১. ব্যাংক-কোম্পানীর নাম :
২. ফ্লোর স্পেস ভাড়া গ্রহণের উদ্দেশ্য :
৩. ভাড়ার জন্য প্রস্তাবিত ভবনের ঠিকানা (নিম্নোক্ত ছক অনুযায়ী) :

সিটি কর্পোরেশন/পৌরসভার ক্ষেত্রে	ইউনিয়নের ক্ষেত্রে
ভবনের নাম (যদি থাকে)	ভবনের নাম (যদি থাকে)
হোল্ডিং নম্বর	গ্রাম/এলাকা
সড়ক নম্বর (যদি থাকে)	দাগ নম্বর
সড়কের নাম (যদি থাকে)	খতিয়ান নম্বর
ওয়ার্ড নম্বর	মৌজার নাম
সিটি কর্পোরেশন/পৌরসভা	ইউনিয়ন
থানা	থানা
জেলা	জেলা

৪. প্রস্তাবিত ফ্লোর স্পেসের মালিকানার সাথে ব্যাংকের কোন পরিচালকের সংশ্লিষ্টতা আছে কিনা, থাকলে বিস্তারিত বিবরণঃ
৫. প্রস্তাবিত ফ্লোর স্পেসের আয়তন :
৬. ফ্লোর স্পেসের মাসিক ভাড়া :
৭. অন্যান্য চার্জ :
৮. অগ্রিমের পরিমাণ :
৯. ভাড়া বৃদ্ধির হার :
১০. ভাড়ার মেয়াদ :

(বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, সীলমোহর)